কম্পট্রোলার এর কার্যালয়
খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
খুলনা-৯২০৩, বাংলাদেশ।

Office of the Comptroller
Khulna University of Engineering & Technology
Khulna-9203, Bangladesh.

স্মারক নং- খুপ্রবি/কম্পঃ কার্যাঃ/ ৯২৬

তারিখ ঃ ২২/০৮/২৩

# বিজ্ঞপ্তি

অত্র বিশ্ববিদ্যালয়ের সম্মানিত শিক্ষক, কর্মকর্তা, কর্মচারীগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বেতন ও ভাতাদি খাতের আয় হতে আগষ্ট,২০২৩ইং থেকে (১১ মাস ব্যাপী) উৎসে কর কর্তনের লক্ষ্যে যে সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণের ২০২৩-২৪ অর্থ বছরের সম্ভাব্য আয় ন্যূনতম করযোগ্য সীমার অন্তর্ভুক্ত তাঁদের স্বনির্ধারণী করদাতা হিসেবে ২০২৩-২৪ অর্থ বছরের আয়কর নির্ধারণ পূর্বক উৎসে কর কর্তনের বিবরণী (সংযুক্ত ফরমে) টিআইএন নম্বর সহ (যাদের টিআইএন নেই তাঁরা ইটিআইএন সংগ্রহ পূর্বক) আগামী ২৩/০৮/২০২৩ ইং তারিখের মধ্যে সফট কপি Comptroller@kuet.ac.bd ই-মেইল এ অথবা হার্ডকপি সরাসরি কম্পট্রোলার দপ্তরে জমা দেয়ার জন্য অনুরোধ করা যাচ্ছে। নির্ধারিত তারিখের মধ্যে যে সকল সম্মানিত শিক্ষক, কর্মকর্তা, কর্মচারীগণের উক্ত বিবরণী পাওয়া যাবে না তাঁদের আগষ্ট,২০২৩ইং সালের বেতন ও ভাতাদি হতে প্রযোজ্য হারে উৎসে আয়কর কর্তন করা হবে। উল্লেখ্য যে, **আয়কর পরিপত্র ২০২৩-২৪ অর্থবছরে অদ্যাবধি প্রকাশিত না হওয়ায় ইহা প্রকাশিত হওয়ার পর কোনরূপ পরিবর্তন পরিলক্ষিত হলে সংযুক্ত ফরম পরিবর্তন হবে।**

আরও উল্লেখ্য যে, আয়কর বাবদ উৎসে কর্তনকৃত অর্থ আয়কর অফিসে জমা দেয়া হবে এবং অর্থ বছর শেষে কর্তনকৃত আয়করের বিষয়ে সংশ্লিষ্ট সম্মানিত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণকে প্রত্যয়ন পত্র ইস্যু করা হবে।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে,

২২/৮/২৩

(মোঃ মনিরুল হক খান)
কম্পট্রোলার (ভারপ্রাপ্ত)
খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

# খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

খুলনা-৯২০৩

(স্বনির্ধারণী)

**২০২৩-২৪ অর্থ বছরে বেতন হতে উৎসে কর কর্তনের বিবরণী**

**নামঃ** পদবী ঃ

বিভাগঃ আইডি নং ঃ

**ই-টিআইএন নং-ঃ**

১) ২০২৩-২৪ অর্থ বছরে বেতন ও ভাতাদি খাতে সম্ভাব্য আয়ের বিবরণীঃ

| বেতন ও ভাতাদি | আয়ের পরিমাণ (টাকা) | অব্যাহতি প্রাপ্ত আয়ের পরিমাণ (টাকা) | নীট করযোগ্য আয় (টাকা) |
|---|---|---|---|
| মূল বেতন | - | - | - |
| বিশেষ বেতন | - | | - |
| মহার্ঘ ভাতা | - | | - |
| যাতায়াত ভাতা (নগদ) | - | - | - |
| বাড়ি ভাড়া ভাতা (নগদ) | - | - | - |
| চিকিৎসা ভাতা (নগদ) | - | - | - |
| পরিচারক ভাতা | - | - | - |
| ছুটি ভাতা /শ্রান্তি বিনোদন ভাতা | - | - | - |
| সম্মানী/পুরস্কার/ফি | - | - | - |
| ওভার টাইম ভাতা/শিক্ষা সহায়ক ভাতা | - | - | - |
| বোনাস/এক্স-গ্রেসিয়া | - | - | - |
| বৈশাখী ভাতা | - | - | |
| স্বীকৃত ভবিষ্য তহবিলে নিয়োগকর্তা কর্তৃক প্রদত্ত চাঁদা | - | - | - |
| স্বীকৃত ভবিষ্য তহবিলে অর্জিত সুদ | - | - | - |
| যানবাহন সুবিধার জন্য বিবেচিত আয় | - | - | - |
| বিনামূল্যে সজ্জিত বা অ-সজ্জিত বাসস্থানের জন্য বিবেচিত আয় | - | - | - |
| অন্যান্য, যদি থাকে (বিবরণ দিন) (মোবাইল ভাতা) | - | - | - |
| বেতন হতে নীট করযোগ্য আয় | - | - | - |
| ২) বেতন হতে নীট করযোগ্য আয়ের উপর আরোপযোগ্য আয়কর (নোট-১ অনুযায়ী) | | | - |
| ৩) কর রেয়াত ঃ আয়কর আইন, ২০২৩ এর ধারা ৭৮ এ বর্ণিত ক, খ ও গ এর মধ্যে যেটি কম) (কপি সংযুক্ত) | | | - |
| ৪) প্রদেয় কর ঃ (২-৩) ও (নোট-১ অনুযায়ী ন্যূনতম পরিমাণ এর মধ্যে যেটি বেশী) | | | - |
| মাসিক কর্তন | | | - |

ষষ্ঠ তফসিল, অংশ-৩ (কর রেয়াতযোগ্য বিনিয়োগ)

ক) ২০২৩-২৪ অর্থ বছরে সম্ভাব্য বিনিয়োগঃ

| বিনিয়োগের খাত | পরিমাণ (টাকা) |
|---|---|
| জীবন বীমার প্রিমিয়াম। | - |
| সরকারি কর্মকর্তার প্রভিডেন্ট ফান্ডে চাঁদা। | - |
| স্বীকৃত ভবিষ্য তহবিলে নিয়োগকর্তা ও কর্মকর্তার চাঁদা। | - |
| কল্যাণ তহবিল ও গোষ্ঠী বীমা তহবিলে চাঁদা। | - |
| বার্ধক্য তহবিলে প্রদত্ত চাঁদা। | - |
| যে কোন তফসিলি ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের ডিপোজিট পেনশন স্কীমে বার্ষিক সর্বোচ্চ ১,২০,০০০/- টাকা বিনিয়োগ। | - |
| সঞ্চয়পত্র ক্রয়ে বিনিয়োগ। | - |
| বাংলাদেশের ষ্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত কোম্পানীর শেয়ার, স্টক, মিউচ্যুয়াল ফান্ড বা ডিবেঞ্চারে বিনিয়োগ; | - |
| বাংলাদেশ সরকার অনুমোদিত ট্রেজারী বন্ডে বিনিয়োগ; | - |
| নির্দিষ্ট সীমার মধ্যে একটি কম্পিউটার বা ল্যাপটপ ক্রয়ে বিনিয়োগ। | - |
| যাকাত তহবিলে দান। | - |
| জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক অনুমোদিত কোন দাতব্য হাসপাতালে দান। | - |
| প্রতিবন্ধীদের কল্যাণে স্থাপিত প্রতিষ্ঠানে দান। | - |
| মুক্তিযুদ্ধ যাদুঘরে প্রদত্ত দান। | - |
| সরকার কর্তৃক অনুমোদিত জনকল্যাণমূলক বা শিক্ষা প্রতিষ্ঠানে দান। | - |
| মুক্তিযুদ্ধের স্মৃতি রক্ষার্থে নিয়োজিত জাতীয় পর্যায়ের কোন প্রতিষ্ঠানে অনুদান। | - |
| জাতির জনকের স্মৃতি রক্ষার্থে নিয়োজিত জাতীয় পর্যায়ের প্রতিষ্ঠানে অনুদান। | - |
| মোট (ক) | - |

আয়কর বিবরণী দাখিলকারীর স্বাক্ষর ও তারিখ

নোটঃ

১) আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন) এর ধারা ২(৬৯) এ সংযোজিত ব্যক্তিগণের মধ্যে অনিবাসী বাংলাদেশীসহ সকল স্বাভাবিক ব্যক্তি (individual) হিন্দু অবিভক্ত পরিবার ও অংশীদারী ফার্মের ক্ষেত্রে মোট আয়ের উপর আয়করের হার নিম্নরূপ হইবে, যথা:-

| | মোট আয় | | হার |
|---|---|---|---|
| প্রথম | ৩,৫০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর | - | শূন্য |
| পরবর্তী | ১,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর | - | ৫% |
| পরবর্তী | ৩,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর | - | ১০% |
| পরবর্তী | ৪,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর | - | ১৫% |
| পরবর্তী | ৫,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর | - | ২০% |
| অবশিষ্ট | মোট আয়ের এর উপর | - | ২৫% |

তবে শর্ত থাকে যে,

ক) মহিলা করদাতা এবং ৬৫ (পয়ষট্টি) বৎসর বা তদুর্ধ্ব বয়সের করদাতার করমুক্ত আয়ের সীমা হইবে ৪,০০,০০০/- টাকা;

খ) তৃতীয় লিঙ্গের করদাতা এবং প্রতিবন্ধী স্বাভাবিক ব্যক্তি করতাদার করমুক্ত আয়ের সীমা হইবে ৪,৭৫,০০০/- টাকা;

গ) গেজেটভুক্ত যুদ্ধাহত মুক্তিযোদ্ধা করদাতার করমুক্ত আয়ের সীমা হইবে ৫,০০,০০০/- টাকা;

ঘ) কোন প্রতিবন্ধী ব্যক্তির পিতা মাতা বা আইনানুগ অভিভাবকের প্রত্যেক সন্তান বা পোষ্যের জন্য করমুক্ত আয়ের সীমা ৫০,০০০/- টাকা অধিক হইবে, তবে প্রতিবন্ধি ব্যক্তির পিতা ও মাতা উভয়েই করদাতা হইলে যেকোন একজন এই সুবিধা ভোগ করিবেন;

ঙ) মোট আয় করমুক্ত আয়ের সীমা অতিক্রম করিলে ন্যূনতম করের পরিমাণ কোনোভাবেই নিম্নরূপে বর্ণিত হারের কম হইবে না, যথা:-

| এলাকার বিবরণ | ন্যূনতম করের হার (টাকা) |
|---|---|
| ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন ও চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকায় অবস্থিত করদাতা | ৫,০০০/- টাকা |
| অন্যান্য সিটি কর্পোরেশন এলাকায় অবস্থিত করদাতা | ৪,০০০/- টাকা |
| সিটি কর্পোরেশন ব্যতীত অন্যান্য এলাকায় অবস্থিত করদাতা | ৩,০০০/- টাকা |

৭৭। **মোট আয় হইতে বাদ।**—(১) ষষ্ঠ তফসিল এর অংশ ১ এ উল্লিখিত কোনো ব্যক্তি কর্তৃক অর্জিত আয় উক্ত আয়বর্ষে উক্ত ব্যক্তির মোট আয় পরিগণনার ক্ষেত্রে অন্তর্ভুক্ত হইবে না, তবে তাহা উক্ত আয়বর্ষের তহবিলের উৎস পরিগণনায় নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে অন্তর্ভুক্ত হইবে, যথা:-

(ক) রিটার্নের মোট আয় হইতে বাদ সংশ্লিষ্ট কলামে আয়ের হিসাব যথাযথভাবে দেখাইতে হইবে; এবং

(খ) রিটার্নের সহিত আয়ের উৎস এবং পরিমাণ বিস্তারিতভাবে দাখিল করিতে হইবে।

(২) ষষ্ঠ তফসিল এর অংশ ২ এর অধীন কোনো ব্যক্তি কর্তৃক প্রদত্ত অনুদানের অর্থ নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে উক্ত ব্যক্তির করদায় পরিগণনার সময় মোট আয় হইতে বাদ দেওয়া হইবে, যথা:—

(ক) উক্ত অনুদান রিটার্ন বা বিবরণ বা রিটার্নের সহিত সংযুক্ত দলিলাদিতে প্রতিফলিত হইয়াছে;

(খ) ষষ্ঠ তফসিল এর অংশ ২ এর অধীন প্রদত্ত অনুদানের মোট পরিমাণ উক্ত ব্যক্তির অনুদান পূর্ববর্তী প্রদর্শিত মোট আয়ের ১০% (দশ শতাংশ) এর অধিক নহে;

(গ) রিটার্নের সহিত আয়ের উৎস এবং পরিমাণ বিস্তারিতভাবে দাখিল করা হইয়াছে।

৭৮। **কতিপয় বিনিয়োগ ও ব্যয়ের ক্ষেত্রে সাধারণ কর রেয়াত।**—এই আইনের বিধান সাপেক্ষে এবং ষষ্ঠ তফসিল এর অংশ ৩ এ নির্ধারিত সীমা, শর্তাবলি এবং যোগ্যতা সাপেক্ষে কোনো বিনিয়োগ করা হইলে, কোনো করবর্ষে মোট আয়ের উপর প্রযোজ্য কর হইতে নিবাসী স্বাভাবিক ব্যক্তি করদাতা ও অনিবাসী বাংলাদেশি স্বাভাবিক ব্যক্তি করদাতা নিম্নবর্ণিতভাবে কর রেয়াত প্রাপ্য হইবেন-

(ক) ০.০৩ × **'ক'**; বা

(খ) ০.১৫ × **'খ'**; বা

(গ) ১০ (দশ) লক্ষ টাকা,

এই তিনটির মধ্যে যাহা কম,

এইক্ষেত্রে—

**‘ক’** = কর অব্যাহতি প্রাপ্ত আয়, হ্রাসকৃত করহার প্রযোজ্য এইরূপ আয় এবং ন্যূনতম কর প্রযোজ্য এইরূপ আয় বাদ দিয়া পরিগণিত মোট আয়, এবং

**‘খ’** = কোনো আয়বর্ষে ষষ্ঠ তফসিল এর অংশ ৩ অনুসারে করদাতার মোট বিনিয়োগ ও ব্যয়ের পরিমাণ।

৭৯। **সমবায় সমিতির কতিপয় আয়ের অব্যাহতি।**—কোনো সমবায় সমিতি কর্তৃক নিম্নবর্ণিত কার্যক্রম হইতে অর্জিত আয় প্রদেয় কর হইতে অব্যাহতি প্রাপ্ত হইবে, যথা:-

(ক) ফসল উৎপাদন;

(খ) কুটির শিল্প পরিচালনা;

(গ) ইহার সদস্যগণ কর্তৃক কৃষিজাত পণ্য বাজারজাতকরণ।

**ব্যাখ্যা।**—এই ধারার উদ্দেশ্যপূরণকল্পে, **"কুটির শিল্প"** অর্থ একটি উদ্যোগ, যাহা জয়েন্ট স্টক কোম্পানির নিবন্ধনপ্রাপ্ত নহে, যেখানে-

(ক) ব্যবসা প্রতিষ্ঠানের মালিক একজন বিনিয়োগকারী, পূর্ণসময়কালীন কর্মী এবং প্রকৃত উদ্যোক্তা;

(খ) ব্যবসা প্রতিষ্ঠানের প্লান্ট, যন্ত্রপাতি ও উপকরণে বিনিয়োগকৃত মূলধন আয়বর্ষের যেকোনো সময়ে ২৫ (পঁচিশ) লক্ষ টাকা অতিক্রম করে না;

(গ) মালিক ও তাহার পরিবারের সদস্যসহ ব্যবসা প্রতিষ্ঠানে কর্মরত শ্রমিকের সংখ্যা ১৫ (পনেরো) জনের অধিক নহে।

## দ্বিতীয় অধ্যায়
## গড়করণ

৮০। **গড়করণ।**—(১) ব্যক্তিসংঘের কোনো সদস্য বা ফার্মের কোনো অংশীদারের মোট আয়ে ব্যক্তিসংঘ বা, ক্ষেত্রমত, ফার্ম হইতে উদ্ভূত করারোপিত শেয়ার আয় অন্তর্ভুক্ত হইলে উক্ত শেয়ার আয়ের উপর গড় হারে হিসাবকৃত কর পরিশোধযোগ্য হইবে না।